

"নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ, সমৃদ্ধ হবে
বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর

বিষয়ঃ ১১-১২-২০২২ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি আবদুল কাইউম
উপ -মহাপরিদর্শক
সভার তারিখ ১১ ডিসেম্বর ২০২২
সভার সময় ১১.০০ ঘটিকা
স্থান সভাকক্ষ, অত্র কার্যালয়।
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সভায় উপস্থিত বিভিন্ন কারখানা-প্রতিষ্ঠান হতে স্টেকহোল্ডার ও অত্র কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতি ও উপস্থিত সম্মানিত সদস্যগণদের সাথে বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	কারখানার নিরাপত্তা	গত সভার সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন কারখানা প্রতিষ্ঠান হতে আগত স্টেকহোল্ডারগণের উপস্থিতিতে কারখানার নিরাপত্তা বজায় রাখার্থে তাদের করণী বিষয়ে আলোচনা হয়। কারখানার বৈদ্যুতিক ওয়্যারিং ও আর্থিং বছরে একবার পরীক্ষা-নীরিক্ষা করে প্রত্যয়নপত্র /সনদ সংরক্ষনের বিষয়ে মালিকগণকে পরামর্শ প্রদান করা হয়।	পরিদর্শনকালে বিষয়টি মনিটরিং ও পর্যবেক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
০২	দুর্ঘটনাপ্রতিরোধে বয়লার এর সেফটি ওয়্যাল ও প্রশিক্ষণপ্রাপ্ত বয়লার অপারেট	অটোরাইচ মিলে স্থাপিত বয়লার, হাফিং রাইচ মিলে স্থাপিত ডাম বয়লার নিরাপদভাবে পরিচালনা করার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত বয়লার অপারেটর নিয়োগ, ও সেফটি ওয়্যালের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়।	পরিদর্শনকালে বিষয়টি মনিটরিং ও পর্যবেক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
০৩	কর্ম থেকে শিশুশ্রম প্রত্যাহার	শিশুশ্রম নিরসন বিষয়ে প্লাস্টিক কারখানা ও অন্যান্য ঝুঁকিপূর্ণ সেস্তরে (প্লাস্টিক, ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ) অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	শিশুশ্রম নিরসনে কমপক্ষে প্রতিটি টিমকে প্রতিমাসে ০২ টি করে শিশু কর্ম থেকে প্রত্যাহার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র কার্যালয়ের পরিদর্শক (সকল)
০৪	উদ্ভুদ্ধকরণ সভা	কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে এসডিজি বাস্তবায়ন ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি টিমকে কারখানা/প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক উদ্ভুদ্ধকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শনকালে উদ্ভুদ্ধকরণ সভার আয়োজন অব্যাহত রাখতে হবে। করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ ও অত্র কার্যালয়ের সকল পরিদর্শক

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল কাইউম
উপ-মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.৪১০০.১০১.১৮.০৫২.১৯.২৪৮

তারিখ: ৫ পৌষ ১৪২৯

২০ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (সদয় অবগতির জন্য)
- ২) শ্রম পরিদর্শক, যশোর (সকল)
- ৩) শ্রম পরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪) অফিস কপি।



জগদীশ চন্দ্র দাস
শ্রম পরিদর্শক